

নির্দেশ

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ মোতাবেক নির্ধারিত কার্যক্রম পরিচালনার জন্য মার্চেন্ট ব্যাংকারদেরকে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন প্রয়োজনীয় নিবন্ধন সনদ প্রদান করিয়াছে। উক্ত কার্যক্রমের মধ্যে স্টক ব্রোকারেজ কার্যক্রম পরিচালনার জন্য তথা উক্ত খাতে মক্কেলের নিকট হইতে নিজেদের জন্য ব্রোকারেজ কমিশন বা কোন প্রকারে ব্রোকারেজ বাবদ কোন অর্থ আদায়ের এখতিয়ার মার্চেন্ট ব্যাংকারদের নাই। কিন্তু বিভিন্ন সময়ে মার্চেন্ট ব্যাংকার কর্তৃক দাখিলকৃত তথ্য উপাত্ত হইতে কমিশন উদ্বেগের সাথে লক্ষ্য করিয়াছে যে, স্টক এক্সচেঞ্জে মক্কেলদের জন্য শেয়ার ক্রয়-বিক্রয়ের নিমিত্ত নিয়োজিত সনদপ্রাপ্ত স্টক ব্রোকারদের নিকট প্রদেয় ব্রোকারেজ কমিশনের একটি অংশ অনৈতিক ও বিধি বহির্ভূতভাবে মার্চেন্ট ব্যাংকাররা অংশীদারিত্বের ভিত্তিতে (By sharing) নিজেদের জন্য আদায় করে, যাহা উক্ত বিধিমালায় বিধি ২৯(৩) ও ৩৫(২) এর পরিপন্থী। অর্থাৎ, মার্চেন্ট ব্যাংকাররা ব্রোকারদের নিকট প্রদেয় প্রকৃত অর্থের পরিমাণের চাইতে বেশী অর্থ এই খাতে মক্কেলদের নিকট হইতে যে কোনভাবে আদায়পূর্বক নিজ আয় হিসাবে সংরক্ষণ করিতে পারে না।

পুঁজিবাজার এবং বিনিয়োগকারীদের সার্বিক স্বার্থে পুঁজিবাজারের বিভিন্ন নীতিমালা ও বিধি বিধান যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে এতদ্বারা নির্দেশ প্রদান করা যাইতেছে।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

রুকসানা চৌধুরী
নির্বাহী পরিচালক